

3 এপ্রিল, 2023

প্রিয় পরিবারবর্গ,

ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)- এর পরামর্শে এবং সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)- এর ইস্যুকৃত নির্দেশনা অনুযায়ী ([cdc.gov/coronavirus/2019-ncov/community/schools-childcare/k-12-childcare-guidance.html](https://www.cdc.gov/coronavirus/2019-ncov/community/schools-childcare/k-12-childcare-guidance.html)), COVID-19 টেস্ট কিটসমূহ, যদি শিক্ষার্থী এবং স্কুলকর্মীগণ কোনো লক্ষণ অনুভব করেন এবং/অথবা COVID-19 হয়েছে এমন কারো সংস্পর্শে আসেন, তাহলে আমাদের স্কুলগুলিতে অন-সাইটেই পাওয়া যাবে। এই নতুন প্রক্রিয়াটি 1 মে থেকে শুরু হবে এবং এটি শিক্ষার্থীপ্রতি মাসিক চারটি টেস্ট নিয়মিত প্রদানের আগের ব্যবস্থার স্থলাভিষিক্ত হবে।

সকল সময়ের মতো, ভ্যাকসিন গ্রহণ হলো COVID-19 সংক্রমণে আমাদের সর্বোত্তম প্রতিরোধ ব্যবস্থা। আমরা সকল শিক্ষার্থীর জন্য হালনাগাদ ভ্যাকসিন গ্রহণ করা এবং স্কুলের ভিতরের পরিবেশে মাস্ক পরায় উৎসাহদান অব্যাহত রাখি, বিশেষভাবে শ্বাসপ্রশ্বাসবাহিত ভাইরাস মৌসুম চলাকালে। সকল হালনাগাদ তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2023Health সাইটে আমাদের স্কুল হেলথ পলিসি পেজটি দেখুন।

ছয় মাস এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ না করে থাকে, তবে এই সুযোগে অনুগ্রহ করে vaccinefinder.nyc.gov সাইটে একটি অ্যাপয়েন্টমেন্ট করার অথবা 311 নম্বরে ফোন করে নিকটবর্তী টিকাকেন্দ্র (ভ্যাকসিন সাইট) খুঁজে নিন। অভিভাবক অথবা স্বাস্থ্য বিমার অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে COVID-19 ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে।

আমরা 5 বছর এবং এরচেয়ে বেশি বয়সী প্রত্যেককে, যদি তারা কমপক্ষে 2 মাস আগে তাদের শেষ ভ্যাকসিন নিয়ে থাকে, তাহলে হালনাগাদ COVID-19 বুস্টার ডোজ নিতে উৎসাহিত করি। আগের বুস্টার ডোজগুলো নিয়ে থাকলেও, যোগ্য নিউ ইয়র্কবাসীদের নতুন বাইভ্যালেন্ট বুস্টার নেয়া উচিত। COVID-19 ভ্যাকসিনের সময়সূচি সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/stay-up-to-date.html](https://www.cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/stay-up-to-date.html) সাইট দেখুন।

আমাদের কাছে আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য এবং সুরক্ষা গুরুত্বপূর্ণ, এবং আমরা আমাদের সিটি, স্টেট এবং ফেডারেল স্বাস্থ্য এজেন্সিগুলির নির্দেশনা অনুসরণ অব্যাহত রাখবো। আপনাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।

আন্তরিকভাবে,



ট্রেসি অ্যাগার্টন (Tracy Agerton)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার
অফিস অভ স্কুল হেলথ